দৈনিক ইনকিলাব

তারিখ 27 MAR 2012
পৃ ১৮ কলাম ৬

শিক্ষকদের বিরুদ্ধে ইতিহাস বিকৃতির অভিযোগ ভিত্তিহীন

বরেণ্য বুদ্ধিজীবীদের বিবৃতি

❑ স্টাফ রিপোর্টার : ইতিহাস বিকৃতি প্রসঙ্গে দেশবরেণ্য বুদ্ধিজীবীগণ গতকাল বিবৃতি প্রদান করেছেন। এতে তারা বলেন, সম্প্রতি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়সহ কোনো কোনো বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষকের বিরুদ্ধে ইতিহাস বিকৃতি, জালিয়াতি, প্রতারণা ও রাষ্ট্রদ্রোহিতার মামলা দায়ের করা হয়েছে। জানা গেছে, শিক্ষকবৃন্দ তাদের প্রণীত পুস্তকসমূহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির জনক না বলায় এবং জিয়াউর রহমানকে স্বাধীনতার ঘোষক বলায় উল্লেখিত অভিযোগসমূহ আনীত হয়েছে। উল্লেখ পৃঃ ১৫ কঃ ৩

শিক্ষকদের বিরুদ্ধে ইতিহাস

১৬-এর পৃষ্ঠার পর

যে, ২০১০ সালে বর্তমান সরকারের আমলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে জাতির জনক হিসেবে ঘোষণা করা হয় ও ২০১১ সালে মুদ্রিত সংবিধানে তা সন্নিবেশিত করা হয়। অথচ যে সমস্ত পুস্তকের প্রণেতাদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে, সে পুস্তকগুলো ২০০২ সালে রচিত হয়েছিল। অন্যদিকে, বর্তমান সরকারের সিদ্ধান্ত অনুযায়ী পুস্তকসমূহ পরিবর্তন করে পুনর্লিখিত হয়েছে। কাজেই অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে অভিযোগের কোনো ভিত্তি নেই। এমতাবস্থায় সংশ্লিষ্ট শিক্ষকদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ প্রত্যাহার করার জন্য সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে দাবি জানাচ্ছি। এ প্রসঙ্গে খেয়াল রাখা প্রয়োজন যে, ইতিহাস প্রণয়নে গবেষক এবং লেখকদের তথ্যাদি বিশ্লেষণ ও মত প্রকাশের স্বাধীনতা শিক্ষাপরিমণ্ডলে সবসময়ে স্বীকৃত।

বিবৃতিদাতাগণ হলেন : মাহমুদুর রহমান ভারপ্রাপ্ত সম্পাদক আমার দেশ; শওকত মাহমুদ মহাসচিব বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন; ড. আনোয়ার উল্লাহ চৌধুরী সাবেক ভাইস চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সাবেক রাষ্ট্রদূত বাহরাইন, ডা. জাফরুল্লাহ চৌধুরী ট্রাস্টি গণস্বাস্থ্য কেন্দ্র, ফরহাদ মজহার কবি প্রাবন্ধিক; আবু মুহম্মদ অধ্যাপক অর্থনীতি বিভাগ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাদেক খান কলাম লেখক সাংবাদিক, আতাউস সামাদ উপদেষ্টা সম্পাদক আমার দেশ, ড. সৈয়দ শফিউল্লাহ অধ্যাপক রসায়ন বিভাগ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ড. মাহবুব উল্লাহ অধ্যাপক ডেভেলপমেন্ট স্টাডিজ ঢাকা বিশ্ববিদ্যালয়; মাহফুজ উল্লাহ সাংবাদিক; ড. আবু আহমেদ অধ্যাপক অর্থনীতি বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়, ড. আজমেরী এস এ ইসলাম অধ্যাপক রসায়ন বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়, অধ্যাপক ড. এমাজউদ্দীন আহমদ সাবেক ভাইস চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয়।